শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
Sher-e-Bangla Agricultural University
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭, বাংলাদেশ

স্মারক নং- শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(৯৮)/১১৬৮

তারিখঃ ২৪/১২/২০১৭ খ্রিঃ

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেকৃবি) -এ কৃষি অনুষদ, এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারী মেডিসিন অনুষদ, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদভুক্ত উল্লেখিত বিভাগে এম.এস, এমবিএ এবং পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০১. জানুয়ারি-জুন/২০১৮ ইং সেমিস্টারে এমএস প্রোগ্রাম (কৃষি অনুষদ) ভর্তির যোগ্যতা ও বিভাগ সমূহ ঃ

যোগ্যতা ঃ শেকৃবি/স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ ঃ এগ্রোনমী, এগ্রিকালচারাল বোটানী, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, বায়োকেমিস্ট্রি, এন্টোমোলজী, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং, হর্টিকালচার, প্লান্ট প্যাথলজী, সয়েল সাইন্স, এগ্রোফরেস্ট্রি এন্ড এনভাইরনমেন্টাল সাইন্স এবং বায়োটেকনোলজী।

০২. জানুয়ারি-জুন/২০১৮ ইং সেমিস্টারে এমএস প্রোগ্রামে (এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারী মেডিসিন অনুষদ) ভর্তির যোগ্যতা ও বিভাগসমূহ ঃ

যোগ্যতা ঃ শেকৃবি/স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে B.Sc.Vet. Sci. & A.H. অথবা তৎসংশ্লিষ্ট সমমানের ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ ঃ এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট (এনিম্যাল সাইন্স); পোল্ট্রি বিজ্ঞান; এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক্স এন্ড ব্রিডিং; এবং মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি।

০৩. জানুয়ারি-জুন/২০১৮ ইং সেমিস্টারে এমএস প্রোগ্রামে (এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ) ভর্তির যোগ্যতা ও বিভাগসমূহ ঃ

যোগ্যতা ঃ শেকৃবি/স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি অর্থনীতিতে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ ঃ কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ডেভেলপমেন্ট এন্ড পোভার্টি স্টাডিজ, ম্যানেজমেন্ট এন্ড ফিন্যান্স, এগ্রিবিজনেস্ এন্ড মার্কেটিং।

০৪. জানুয়ারি-জুন/২০১৮ ইং সেমিস্টারে এমবিএ (এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ) প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ঃ

যোগ্যতা ঃ শেকৃবি থেকে বিএসসি(এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট) স্নাতক (সম্মান)/বিবিএ (এগ্রিবিজনেস) অথবা তৎসংশ্লিষ্ট সমমানের স্নাতক ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

০৫. জানুয়ারি-জুন/২০১৮ ইং সেমিস্টারে পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তি যোগ্যতা ও বিভাগসমূহ ঃ

যোগ্যতা ঃ

ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রী এবং থিসিসসহ কৃষি বিজ্ঞানে এমএস/ এমফিল/ এমএসসি ডিগ্রী অথবা অন্য কোন বিশ্ববিদ্যালয় থেকে সমমানের ডিগ্রী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত)।
খ) স্নাতকোত্তর পর্যায়ের পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী (কমপক্ষে ৫০% নম্বর) অথবা CGPA ৪.০ এর মধ্যে ৩.০।
গ) শিক্ষকতা/গবেষণা/সম্প্রসারণে ২ বৎসর চাকুরীর অভিজ্ঞতা।
ঘ) স্নাতকোত্তর ডিগ্রী অর্জনের পর ২টি বৈজ্ঞানিক প্রকাশনা।

অথবা

প্রথম শ্রেণী প্রাপ্ত B.Sc.Ag.(Hons)/সমমানের ডিগ্রীসহ এমএস পরীক্ষায় CGPA ৪.০ এর মধ্যে ৩.৯ থাকা প্রার্থীগণ সরাসরি পিএইচ.ডি কোর্সে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

বিভাগসমূহ ঃ এগ্রোনমী, এগ্রিকালচারাল বোটানী, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং, হর্টিকালচার, প্লান্ট প্যাথলজী, সয়েল সাইন্স, এন্টোমোলজী, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, এগ্রিকালচারাল কেমিস্ট্রি এবং এগ্রোফরেস্ট্রি এন্ড এনভাইরনমেন্টাল সাইন্স।

০৬. ভর্তি সংশ্লিষ্ট তথ্যাবলী ঃ

ক) ০১ থেকে ০৫ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণকে ভর্তির জন্য ডিন, পোষ্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা এর অফিস থেকে নির্ধারিত এমএস, এমবিএ ভর্তির আবেদন ফরম নগদ ৫০০/- (পাঁচশত) টাকা এবং ০৫ এ বর্ণিত পিএইচ.ডি ভর্তির আবেদন ফরম নগদ ১০০০/- (এক হাজার) টাকা মাত্র প্রদানপূর্বক ২৬/১২/২০১৭ খ্রিঃ তারিখ থেকে সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত আবেদন ফরম ১৫/০১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা দিতে হবে।

খ) আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপিসহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযোজন করতে হবে। চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে আবেদন ফরমের সাথে সংশ্লিষ্ট নিয়োগ কর্তার নিকট হতে অনুমতিপত্র সংযোজন করতে হবে।

গ) চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তিপ্রাপ্তির নিশ্চয়তা পত্র দিতে হবে। প্রার্থীদের এমএস প্রোগ্রামের জন্য গবেষণা ব্যয় হিসাবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা সংশ্লিষ্ট বিভাগে এবং পিএইচ.ডি প্রোগ্রামের জন্য বেঞ্চ ফি হিসাবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভর্তির সময় বিশ্ববিদ্যালয় ক্যাশ শাখায় জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক কোন গবেষণা ব্যয় বহন করা হবে না।

ঘ) এমএস/এমবিএ প্রোগ্রামের জন্য আবেদনকারীগণকে আবেদন ফরমে তার পছন্দের বিষয়ক্রম উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট অনুষদের প্রথম পছন্দের বিভাগে আবেদন ফরম জমা দিতে হবে। মেধা ও বিষয় পছন্দের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের তালিকা ২২/০১/২০১৮ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট সকল বিভাগীয় চেয়ারম্যান ও ডিন, পোষ্ট গ্রাজুয়েট স্টাডিজ অফিসের নোটিশ বোর্ডে দেয়া হবে।

ঙ) নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের ক্লাস শুরুর পূর্বেই নিয়োগ কর্তার নিকট হতে প্রেষণাদেশ/অনুমতির কপি স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যান অফিসে জমা দিতে হবে।

চ) নির্বাচিত প্রার্থীগণকে ২৩/০১/২০১৮ খ্রিঃ হতে ২৫/০১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে ভর্তির কার্যাদি সম্পন্ন করতে হবে।

ছ) **ক্লাস শুরু ঃ**
এমএস/এমবিএ/পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তিকৃত বিভাগসমূহের ক্লাস আগামী ২৮/০১/২০১৮ খ্রিঃ তারিখ শুরু হবে।

জ) অসম্পূর্ণ এবং অস্পষ্ট দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

২৪/১২/১৭

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়